

Best Common Short cut
বাংলা
বাংলা সাহিত্য
সহজে মনে রাখার
ছন্দ কৌশল
(বাংলা দ্বিতীয় সহ)
সংকলনে ঃ
শওকত হাছান মাহামুদ (রিয়াদ)
Bcs
Psc
নন ক্যাডার
প্রাইমারী শিক্ষক
প্রভাষক নিবন্ধন
শিক্ষক নিবন্ধন
জুডিসিয়াল
বিশ্ববিদ্যালয় ভর্তি
অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাধারণ জ্ঞানের সহায়ক প্রস্তুতির জন্য

PDF Shared By:

MyMahbub.Com

More PDf Download:

MyMahbub.Com

সূচীপত্র

ক্রমিক	সাহিত্যিকের নাম	পৃষ্ঠা
০১	কাজী নজরুল ইসলাম	৫-৬
০২	রবীন্দ্রনাথ ঠাকুর	৬-৯
০৩	বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়	১০-১১
০৪	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	১১
০৫	মাইকেল মধুসূদন দত্ত	১১
০৬	জসীম উদ্দিন	১২-১৩
০৭	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	১৩-১৪
০৮	বেগম রোকেয়া	১৪
০৯	প্রমথ চৌধুরী	১৪-১৫
১০	জহির রায়হান	১৫
১১	ফররুখ আহমেদ	১৫-১৬
১২	শামসুর রহমান	১৬
১৩	বেগম সুফিয়া কামাল	১৬-১৭
১৪	সেলিনা হোসেন	১৭
১৫	মীর মোশাররফ হোসেন	১৮
১৬	প্যারীচাঁদ মিত্র	১৮-১৯
১৭	মুনীর চৌধুরী	১৯-২০
১৮	হুমায়ুন আহমেদ	২০-২১
১৯	আখতারুজ্জামান ইলিয়াস	২১
২০	মানিক বন্দ্যোপাধ্যায়	২১-২৩
২১	দীন বন্ধু মিত্র	২৩
২২	ঈশ্বরচন্দ্র গুপ্ত	২৩
২৩	এস ওয়াজেদ আলী	২৪
২৪	বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায়	২৪

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

বাংলা শর্টকাট মেথড

২৫	শহীদুল্লাহ কায়সার	২৪-২৫
২৬	ইসমাইল হোসেন সিরাজী	২৫
২৭	আবু ইসহাক	২৫
২৮	সিকান্দার আবু জাফর	২৬
২৯	সৈয়দ মুজতবা আলী	২৬
৩০	নুরুল মোমেন	২৬
৩১	সেলিম আল দীন	২৬-২৭
৩২	কায়কোবাদ	২৭
৩৩	আল মাহমুদ	২৮
৩৪	হাসান হাফিজুর রহমান	২৯
৩৫	আহসান হাবীব	২৯-৩০
৩৬	এম আবতার মুকুল	৩০
৩৭	শওকত ওসমান	৩০-৩১
৩৮	সৈয়দ শামসুল হক	৩১
৩৯	নির্মলেন্দু গুন	৩১-৩২
৪০	সুকান্ত ভট্টাচার্য	৩২-৩৩
৪১	অক্ষয়কুমার দত্ত	৩৩
৪২	রাজা রামমোহন রায়	৩৩
৪৩	দিজেন্দ্রলাল রায়	৩৪
৪৪	সৈয়দ ওয়ালী উল্লাহ	৩৪
৪৫	ইব্রাহিম খাঁ	৩৪
৪৬	আবুল মুনসুর আহমেদ	৩৫
৪৭	বিহারী লাল চক্রবর্তী	৩৫
৪৮	সৈয়দ আলী আহসান	৩৫-৩৬
৪৯	রজনী কান্ত সেন	৩৬-৩৭
৫০	গোলাম মোস্তফা	৩৭
৫১	শামসুদ্দীন আবুল কালাম	৩৭

৫২	আবু জাফর ওবায়দুল্লাহ	৩৮
৫৩	রোমেনা আফাজ	৩৮
৫৪	ড. আলা উদ্দিন আল আজাদ	৩৮
৫৫	গিরীষ চন্দ্র ঘোষ	৩৯
৫৬	নবীন চন্দ্র সেন	৩৯
৫৭	দাউদ হায়দার	৩৯
৫৮	কুমুদ রঞ্জন মল্লিক	৩৯
৫৯	রুদ্র মোহাম্মদ শহীদুল্লাহ	৩৯-৪০
৬০	হাসান আজিজুল হক	৪০-৪১
৬১	আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন	৪১
৬২	নজিবর রহমান সাহিত্যরত্ন	৪১

বাংলা সাহিত্য পঞ্চপান্ডব

৬৩	আমিয় চক্রবর্তী	৪১-৪২
৬৪	বুদ্ধদেব বসু	৪২-৪৩
৬৫	জীবনানন্দ দাশ	৪৩
৬৬	বিষ্ণু দে	৪৩-৪৫
৬৭	সুধীন্দ্রনাথ দত্ত	৪৫
৬৮	উল্লেখযোগ্য কবি-সাহিত্যিকদের ছদ্মনাম ও উপাধি	৪৬-৪৮

বাংলা ২য় পত্র

৬৯	বিভিন্ন শব্দ মনে রাখার কৌশল	৪৯-৫১
৭০	পরিবর্তিত উচ্চারণে আরও কিছু ইংরেজী শব্দ	৫২-৫৩
৭১	উপসর্গ	৫৩
৭২	পুরুষ ও স্ত্রীবাচক শব্দ	৫৪
৭৩	উচ্চারণ স্থান অনুযায়ী বর্ণ	৫৪-৫৫
৭৪	সমাস	৫৫-৫৬
৭৫	বানান সূত্র	৫৬

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

বাংলা ১ম পত্র

কাজী নজরুল ইসলাম ঃ জীবনকাল ঃ (১৮৯৯-১৯৭৬)

জন্ম ঃ ১৮৯৯ খ্রিস্টাব্দের ২৪মে (১৩০৬ বঙ্গাব্দের ১১ই জৈষ্ঠ্য) ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহন করেন কাজী নজরুল ইসলাম।

নজরুলের প্রথম ঃ

উক কাছোনা	উপস্যান	কবিতা	কাব্য	ছোটগল্প	নাটক
বামু অহে ঝি	বাঁধন হারা	মুক্তি	অগ্নিবীনা	হেনা	ঝিলমিঁলি

উপন্যাসঃ কুহেলিকা মুতুক্ষুদায় বাঁধনহারা হয়ে গেল।

নাটকঃ আলেয়া মুধুবালার পুতুলের বিয়েতে ঝিলিমিলি রঙ্গের শাড়ী পরেছে।

অথবা,

আলেয়া আর ঝিলিমিলি মুধুবালাকে নিয়ে পুতুলের বিয়ে দিচ্ছে।

কাব্যগ্রন্থঃ সিন্ধু হিন্দোল থেকে অগ্নিবীনার বিষের বাঁশির সন্ধ্যা ভাঙ্গার গান পুর্বের হাওয়ায় প্রলয় শিখার মত চক্রবাকে ছায়ানটে জিঞ্জির মরুভাস্করে সঞ্চায়ন দোলনচাঁপা ঝিঙ্গেফুল সর্বহারা হয়ে গেল।

অথবা,

সন্ধ্যায় সিন্ধু নদীর তীরে পুবের হাওয়ায় প্রলয় শিখা নিভে যাওয়ায় অগ্নিবীনা ও বিষের বাঁশি বাজিয়ে সাম্যবাদী সর্বহারা চক্রবাক জিঞ্জির ভেঙ্গে ভাঙ্গার গান গেয়ে দোলন চাঁপা সাথে দেখা করতে যাচ্ছে। পথে ফণিমনসা ফনা তুলে নতুন চাঁদের মতো চন্দ্রবিন্দু আঁকছে।

অথবা,

সিন্ধু হিন্দোল পাদদেশে দোলনচাঁপা ফণিমনসা, ঝিঙ্গেফুল, সাতভাই চম্পা সন্ধ্যার পুবের হাওয়ায় প্রলয় শিখা জ্বালিয়ে অগ্নিবীনা বিষের বাঁশি বাজিয়ে ভাঙ্গার গান গাইল। সেই গান শুনে সাম্যবাদী জিঞ্জির চক্রবাকে সর্বহারা হয়ে গেল।

অথবা,

সাম্যবাদী সর্বহারার বিষের বাঁশিতে ভাঙ্গার গান শুনে জিঞ্জির ভেঙ্গে ছাঁয়নট সন্ধ্যায় প্রলয়শিখা জ্বালালো। সাতভাই চম্পা-মরুভাস্কর ফনীমনসায়, চক্রবাক দেখে, দোলনচাপা, ঝিঙ্গেফুল খোপায় গুজে অগ্নিবীনা বাজাতে বাজাতে সিন্ধু হিন্দোল পেরিয়ে গেল।

গল্পগ্রন্থঃ শিউলিমালার ব্যথার দান রিক্তের বেদনে ঝরে গেল।

অথবা,

শিউলিমালা পদ্মগোখরার কামড়ে রিক্তের বেদনায় ব্যাথার দান হতে মুক্তি পেতে জিনের বাদশাহের কাছে গেল।

অথবা,

ব্যাথার দানে নজরুল শিউলিমালা কুড়াতে গিয়ে জিনের বাদশাহ এর ভয়ে ও পদ্মগোখরার কামড়ে রিক্তের বেদন করলেন।

সহজে মনে রাখার ছন্দ কৌশল*সহজে মনে রাখার ছন্দ কৌশল*সহজে মনে রাখার ছন্দ কৌশল*সহজে মনে রাখার ছন্দ কৌশল*

অথবা,

ব্যারিশ=(ব্যা-ব্যথার দান, রি-রিক্তের বেদন, শ-শিউলিমালা)

নজরুলের নিষিদ্ধ গ্রন্থ ৫টিঃ বিষভাঙ্গা প্রলয় চন্দ্র যুগ । বিষের বাঁশি, ভাঙ্গার গান, প্রলয় শিখা, চন্দ্রবিন্দু যুগবাণী ।)

অথবা, BAPJVC

(B=বিষের বাঁশী, A=অগ্নিবীণা, P=প্রলয়শিখা, J=যুগবাণী, V=ভাঙ্গার গান, C=চন্দ্রবিন্দু ।)

(Note: অগ্নিবীনা কাব্যটি কখনও নিষিদ্ধ হয়নি। বিষের বাঁশি, ভাঙ্গার গান, প্রলয় শিকা, চন্দ্রবিন্দু ও যুগবাণী এ পাঁচটি কাব্যগ্রন্থ নিষিদ্ধহয় ।)

প্রবন্ধঃ দুর্দিনের যাত্রীরা রুদ্রমঙ্গলবারে যুগবাণী পত্রিকায় রাজবন্দীর জবানবন্দী প্রকাশ করল ।

অথবা,

দুর্দিনের যাত্রী ও যুগবাণী আজ রাজবন্দী আর ধুমকেতুর রুদ্রমঙ্গলে গেলো ।

অথবা,

***মিলিয়ে নেই--দুদনের যাত্রী, যুগবাণী, রাজবন্দীর জবানবন্দী, ধুমকেতু, রুদ্রমঙ্গল ।

সঙ্গতিগ্রন্থঃ জুলফিকা গুলবাগিচায় সুরসাকীর সাথে রাঙ্গাজবা দেখছে আর চোখের চাতক বুলবুল চঁদ্রবিন্দু আঁকছে ।

* কাজী নজরুল ইসলামের ডাক নাম ছিল "দুখু মিয়া" ।

মৃত্যুঃ ১৯৭৬ খ্রিষ্টাব্দে ২৯ আগষ্ট তারিখে তিনি মৃত্যু বরণ করেন ।

রবীন্দ্রনাথ ঠাকুরঃ জীবনকাল (১৮৬১-১৯৪১)

জন্মঃ ৭ মে ১৮৬১ খ্রিঃ/ ২৫ শে বৈশাখ ১২৬৮ বঙ্গাব্দ । কলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়ীতে জন্মগ্রহন করেছিলেন ।

রবীন্দ্রনাথের প্রথমঃ উক কাছোনো ঃ বহি কভিবা

উক কাছোনো	উপন্যাস	কবিতা	কাব্য	ছোটগল্প	নাটক
বহি কভিবা	বউ ঠাকুরাণীর হাট	হিন্দুমেলার উপহার	কবি কাহিনী	ভিখারিণী	বাল্মীকি প্রতিভা

উপন্যাসঃ করুনা করে হলেও আমাকে বৌ ঠাকুররাণীর হাটে পৌছে দিও, সেখানে হয়তো রাজর্ষি কে খুজে পাব, আগামী মাসে তার সাথে আমার বিয়ে-র কথা ছিলো, কিন্তু নৌকাডুবি-র ফলে তার সাথে আমার সমস্ত যোগাযোগ বন্ধ হয়ে যায় । আমি এখন তার চোখের বালি আমরা দুই বোন আর ভাই গোরা কে সাথে নিয়ে অনেক খুজেছি-পাইনি, অবশেষে জীবনের চার অধ্যায় পেরিয়ে চতুরঙ্গ-র কষাঘাতে ঘরের বাইরে মালঞ্চে বসে লিখছি শেষের কবিতা ।

অথবা,

গোরা আর মালঞ্চ যোগাযোগ করে লাইব্রেরী থেকে করুণা করে চোখের বালি বইটি এনেছিল/পেয়েছিল । কিন্তু ঘরে বাইরে বসে পড়েও চার অধ্যায় শেষ করতে পারেনি ।

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT •

কারণ এ দুই বোন শেষের কবিতার মতো না। তাই রাজর্ষি বৌ ঠাকুরাণী চতুরঙ্গ করেনৌকা ডুবিয়ে দিল।

অথবা,

চার-চোখে চতুরঙ্গে
গোরা যাবে রাজর্ষির সঙ্গে
ঘরে-বাইরে যোগাযোগ
দুই-বোন সহযোগে
নৌকা এবং বৌঠান শেষে
মালঞ্চ দিল ভালবেসে।

অথবা,

ঘরের বাইরে বউ ঠাকুরাণীর হাটে শেষের কবিতা শুনতে গিয়ে গোরা রাজর্ষির চোখের বালি করুণা ও চতুরঙ্গ দুইবোন যোগাযোগের জন্য নৌকাডুবিতে মারা গেল।

অথবা,

ঘরের বাইরে দুইবোন ছাড়ও গোরা, রাজর্ষি, চতুরঙ্গ ও করুনা মালঞ্চ বন পেরিয়ে নদী-যোগাযোগ পথে বউ বৈঠাকুরানীর হাটে চার অধ্যায় শেষের কবিতা শুনতে যাবার পথে চোখে বালি পড়ে নৌকাডুবিতে মারা গেল।

তার উপন্যাস গুলো হচ্ছে ঃ

চার অধ্যায়, চোখের বালি, চতুরঙ্গ, গোরা, রাজর্ষি, ঘরের বাইরে, যোগাযোগ, দুই বোন, নৌকাডুবি, বৌঠাকুরানীর হাট, শেষের কবিতা, মালঞ্চ। রবীন্দ্রনাথ বিভিন্ন সময়ে মোট নয়টি ছদ্মনাম ব্যবহার করেন। তারমধ্যে প্রচলিতটি হচ্ছে ভানুসিংহ।

ছোট গল্পঃ পণরক্ষা, হৈমন্তী দিদি রবিবার ছুটির দিনে মেঘ ও রৌদ্র মাথায় নিয়ে ক্ষুধিত পাষাণ ও জীবিত ও মৃত কঙ্কাল অবস্থায় কাবুলিওয়ালা পোস্টমাস্টারের ডাকে মনিহার ও গুপ্তধনের সন্ধানে দেনা পাওনা ও কর্মফলের ব্যবধান চোকাতে নিশীথে রওনা দিলেন। খোকা বাবুর প্রত্যাবর্তন-এ হালদার গোষ্ঠী তিন সঙ্গির শাস্তি না-মঞ্জুর করলেন।

অথবা,

পোস্টমাস্টার কাবুলিওয়ালা দেনা পাওনার কর্মফলে হৈমন্তির দিদির পণ রক্ষা করতে পারল না

ব্যাখ্যাঃ পোস্টমাস্টার, কাবুলিওয়ালা, দেনা পাওনা, কর্মফলে, হৈমন্তি দিদি, পত্র রক্ষা, ছুটি, মেঘ ও রৌদ্র, ক্ষুধিত পাষাণ, জীবন ও মৃত, কঙ্কাল, মনিহার, গুপ্তধন, ব্যবধান, নিশীথে, খোকা বাবু, প্রত্যাবর্তন, রবিবার।

বিঃ দ্রঃ তিনসঙ্গী গ্রন্থে তিনটি ছোটগল্প রয়েছে, রবিবার, শেষকথা, ল্যাবরেটরি।

প্রেমের ছোট গল্পঃ দুর আশায় দৃষ্টিদান করে ল্যাবরেটরীর অধ্যাপক তার নষ্টনীড় জীবনের শেষের রাত্রির শেষ কথার সমাপ্তি টেনে স্ত্রীর কাছে পত্র লেখেন।

অথবা,

ল্যাবরেটরির অধ্যাপক স্ত্রীর পত্র এর শেষ কথামত প্রায়শ্চিত্ত হিসেবে এক রাত্রি নষ্টনীড় থেকে মধ্যবর্তিনী আশা গ্রন্থ সমাপ্তিকে উদ্ধার করে পাত্র-পাত্রীর দৃষ্টিদানের পর শেষের রাত্রি মাল্যদান দিলেন।

সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল •

বাংলা শর্টকাট মেথড

ব্যাখ্যাঃ ল্যাবরেটরী, অধ্যাপক, নষ্টনীড়, শেষরাত্রি, সমাপ্তি, স্ত্রীর পত্র, একরাত্রি, দুই অংশ, দৃষ্টিদান, শেষকথা, প্রায়শ্চিত্ত, দৃষ্টিদান, মাল্যদান, মধ্যবর্তিনী, পাত্র ও পাত্রী।

অতি প্রাকৃত ছোট গল্পঃ রবি ঠাকুর-ক্ষুধিত পাষাণ ও জীবিত ও মৃত কঙ্কাল অবস্থায় মনিহার ও গুপ্ত ধনের সন্ধানে নিশীথে রওনা দিলেন।

এবার একবার চোখ বুলিয়ে নিনঃ ক্ষুধিত পাষাণ, কঙ্কাল, জীব ও মৃত, মনিহার, গুপ্তধন, নিশীথে।

প্রকৃতি ও মানব সম্পর্কিত ছোট গল্পঃ শুভা অতিথি-কে আপদ মনে করে।

এবার একবার চোখ বুলিয়ে নিনঃ শুভা, অতিথি, আপদ।

রবী ঠাকুরের কাব্যগ্রন্থঃ "ভানুসিংহ ঠাকুর" "সানাই" হাতে করে "চিত্রা" নদী পার হওয়ার জন্য "খেয়া" নামক "সোনার তরীতে" উঠে। একই সময়ে "ক্ষনিকা", "শ্যামলী", "মহুয়া", "সেজুতি" ও "মানসী" নদী পার হওয়ার জন্য সোনার তরীতে উঠে। "মহুয়াকে" দেখে ঠাকুর সাহেব মুগ্ধ হয়। তার প্রেমে হাবুডুবু খেতে থাকে। "নৈবেদ্য" সে জানতে পারে মাঘ/বৈশাখ মাসের ২৫ তারিখে মহুয়ার "জন্মদিন"। এজন্য সে মহুয়ার জন্মদিনে "বনফুল", "কড়ি ও কোমল", "বলাকার" কাছে পাঠিয়ে দেয়। বলাকা তখন "কল্পনার" মধ্যে "গীতাঞ্জলী" কাব্য পড়তে থাকে। মুহুয়া "পত্রপুত্রের" ছড়ার ছবি, সন্ধ্যার সঙ্গীতের মত গাইতে থাকে। কবির এ শেষ লেখা তার জীবনের কবি কাহিনী।

**** এবার একবার চোখ বুলিয়ে নিনঃ****

১) ভানুসিংহ ঠাকুর (২) সানাই (৩) চিত্রা (৪) খেয়া (৫) সোনার তরী (৬) ক্ষনিকা (৭) শ্যামলী (৮) মহুয়া (৯) মানসী (১০) নৈবেদ্য (১১) জন্মদিন (১২) বনফুল (১৩) কড়ি ও কোমল (১৪) বলাকা (১৫) কল্পনা (১৬) গীতাঞ্জলী (১৭) পত্রপুটের (১৮) ছড়ার ছবি (১৯) সন্ধ্যার সঙ্গীতের (২০) শেষ লেখা (২১) কবি কাহিনী (২২) রাজা ।

অথবা,

গীতাঞ্জলী কাব্যের জন্য নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ প্রথম কাব্য গ্রন্থ বনফুল (১৮৭৬) লিখে জন্মদিন-এ মানসী, মহুয়া, শ্রামলী, সেজুতি ও বলাকা কে নিয়ে সোনার তরীতে চিত্রা নদীর খেয়া পার হয়ে ক্ষণিকা যেয়ে আকাশ প্রদীপ জ্বেলে সন্ধ্যা সঙ্গীত গাইতেন। ছড়ার ছবি আকতেন এবং পুনশ্চ, নৈবদ্য, পত্রপুট, কল্পনা করে ভানুসিংহ ঠাকুরের পদাবলীতে শেষ সপ্তাকের শেষ লেখা লেখন করে পূরবী কে উৎসর্গ করার পর চৈতালী মাসে বিচিত্রা সানাই সুরে প্রভাত সংগীত গেয়ে গল্প সল্প করতেন।

অথবা,

পূরবী মানসী মহুয়ার বান্ধবী চিত্রা চৈত্রালীর নবজাতকের পনশ্চ জন্মদিনে ভানুসিংহ ঠাকুরের প্রথম কাব্য বনফুল ও গীতাঞ্জলীর শেষ লেখার লেখন প্রভাত সঙ্গীত সন্ধ্যার বিচিত্রতা সানাইয়ের খেয়ার সোনারতরী বলাকায় ছড়ার ছবির মতো ক্ষণিক গল্পে-সল্পে শ্যামলীমায় উৎসর্গ হয়ে গেল।

অথবা,

জন্মদিনে চৈতালি প্রভাতে কড়ি, কোমল উৎসর্গ করে খেয়া পার হয়ে মানসী, চিত্রা ও পূরবী হিন্দুমেলায় গিয়ে বলাকা সিমেনা হলে "মায়ার খেলা" ও "বনফুল" ছবি দেখল। বিচিত্র

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

কল্পনার ক্ষণিকের জন্য শ্যামলী, মহুয়া ও পলাতকা, সোনা-ভান নবজাতকের আরোগ্য লাভের জন্য শেষ সংগীত গেয়ে পুনশ্চ তার রোগশয্যায় সন্ধ্যা প্রদীপ জ্বালালো।

অথবা,

মানসী, গীতাঞ্জলী, কড়ি ও কোমলকে নিয়ে বলাকায় চড়ে শ্যামলী হয়ে চিত্রানদীতে সোনারতরীর খেয়া পেরিয়ে সন্ধ্যাসঙ্গীত অনুষ্ঠানে যোগ দিত গেল। সেখানে কল্পনার জন্মদিনে ভানুসিংহ ঠাকুর নৈবদ্য-সানাই বাজিয়ে ভাবগম্ভীর পরিবেশে মহুয়া-বনফুলের মালা উপহার দেয়, যেন নবজাতক আকাশ প্রদীপ জ্বালিয়ে শেষ লেখা লিখছে।

**** মিলিয়ে নিন**-জন্মদিনে, চৈতালি, প্রভাত সংগীত (নির্ঝরের স্বপ্নভঙ্গ), কড়ি ও কোমল, উৎসর্গ, খেয়া (জগদীশ বসুকে উৎসর্গ); মানসী, চিত্রা- (১৪০০ সাল), পুরবী (আর্জেন্টিনার ভিক্টোরিয়া ওকাম্পোকে উৎসর্গ), হিন্দু মেলার উপহার, বলাকা, মায়ার খেলা, বনফুল (১ম লেখা-১৫ বছর বয়সে কবি কাহিনী প্রথম প্রকাশিত) বিচিত্রিতা, কল্পনা, ক্ষণিকা, শ্যামলী, মহুয়া, পলাতকা, সোনার তরী, ভানুসিংহ ঠাকুরের পদাবলী (ব্রজবুলি ভাষায় রচিত); নবজাতক, আরোগ্য, শেষ লেখা, গীতাঞ্জলী, গীতবিতান, গীতালী, পুনশ্চ, রোগশয্যা, সন্ধ্যাসংগীত।

রবী ঠাকুরের নাটকঃ তাসের দেশের ডাকঘরের পাশে মুকুট রাজা রক্তকবরী গাছের নীচে বসন্তের চিরকুমার সভার মুক্তধারার আলোচনায় তাপসীর অরুপরতন চেহারা কালের যাত্রায় অচলায়তন হওয়ায় প্রায়শ্চিত করতে বিসর্জনে যেতে হবে এটাকোন ধরনের মায়ার খেলা।

অথবা,

রাক্তকবরবীকে বিসর্জন দিয়ে মুক্তধারার রাজা অচলায়তনে চিরকুমার সভা ডাকলেন। প্রায়শ্চিত্তের ডাকঘরে জমলো বসন্ত কিন্তু তাসের দেশের চিত্রাঙ্গদা বৈকুন্ঠের খাতার মতো চন্ডালিকা।

অথবা,

রক্তকরবী বাল্মীকি প্রতিভা অচলায়তন অবস্থায় প্রায়শ্চিত্ত ও বিসর্জন দিল তাপসী বাঁশরী ও ফাল্গুনী ডাকঘর এ বসে রাজা ঠাকুর দেখে পরিত্রাণ এর মায়ার খেলা।

রবী ঠাকুরের নৃত্য নাটকঃ রবীন্দ্রনাথের নৃত্য-চন্ডা, শ্যামা, চিত্র।

প্রবন্ধঃ কালান্তরে পঞ্চভূত এখন মানুষের ধর্ম। তাই সভ্যতার সংকটে পড়েছে স্বদেশ।

অথবা,

কালান্ক-এ ভারতবর্ষ রাজা প্রজা আত্মশক্তি পরিচয়ে জানল স্বদেশ এ সভ্যতার সংকট হয়েছে ফলে রবীন্দ্রনাথ প্রাচীন সাহিত্য ও আধুনিক সাহিত্য সাহিত্যের পথে সাহিত্যের স্বরুপ শব্দতত্ত্ব ছন্দ ও বাংলা ভাষার পরিচয় নামে প্রবন্ধ লিখলেন।

* তাঁকে বাংলা ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক মনে করা হয়। রবীন্দ্রনাথ কে গুরুদেব, কবিগুরু ও বিশ্বকবি অভিধায় ভূষিত করা হয়। রবীন্দ্রনাতের ৫২টি কাব্যগ্রন্থ, ৩৮টি নাটক, ১৩টি উপন্যাস ও ৩৬টি প্রবন্ধ ও অন্যান্য গদ্যসংকলন। তাঁর জীবদ্দশায় বা মৃত্যুর অব্যবহিত পরে প্রকাশিত হয়। তাঁর সর্বমোট ৯৫টি ছোটগল্প ও ১৯১৫টি গান। যথাক্রমে গল্পগুচ্ছ ও গীতবিতান সংকলনের অন্তর্ভূক্ত হয়েছে।

মৃত্যুঃ ৭ আগষ্ট, ১৯৪১, ২২ শ্রাবণ, ১৩৪৮।

সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•

বাংলা শর্টকাট মেথড

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়: জীবনকাল : (১৮৩৮-১৮৯৪)

জন্ম: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হয় বর্তমান উত্তর ২৪ পরগনা জেলার নৈহাটি শহরের নিকটস্থ কাঁঠালপাড়া গ্রামে। তারিখ ২৭ জুন, ১৮৩৮ অর্থাৎ ১৩ আষাঢ় ১২৪৫। চট্টোপাধ্যায়েদের আদিনিবাস ছিল হুগলি জেলার দেশমুখো গ্রামে।

বিবাহ: বঙ্কিমচন্দ্রের প্রথম বিয়ে হয় ১৮৪৯ সালে। তখন তার বয়স ছিলো মাত্র ১১ বছর। নারায়নপুর গ্রামের এক পঞ্চমবর্ষীয়া বালিকার সাথে তাঁর বিয়ে হয়। কিন্তু চাকুরি জীবনের শুরুতে যশোরে অবস্থান কালে ১৮৫৯ সালে ঐ পত্নী মৃত্যু হয়। অতঃপর ১৮৬০ সালের জুন মাসে হালি শহরের বিখ্যাত চৌধুরী বংশের কন্যা রাজলক্ষী দেবীর সঙ্গে তাঁর বিয়ে হয়।

মৃত্যু: ১৮৯৪ সালের মার্চ মাসে তাঁর বহুমূত্র রোগ বেশ বেড়ে যায়। এই রোগেই অবশেষে তাঁর মৃত্যু হয়, এপ্রিল ৮, ১৮৯৪ (বাংলা ২৬চৈত্র ১৩০০ সাল।)

উপন্যাস: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৪টি উপন্যাস একটিমাত্র লাইনে সীমাবদ্ধ।

রাসী আন কবিরাই কদম দেবীর চন্দ্র যুগ।

উপন্যাস সমূহ:

১। রা--- রাজসিংহ: ঐতিহাসিক উপন্যাস।
২। সী---সীতারাম: সর্বশেষ উপন্যাস।
৩। আন---আনন্দমঠ: ঐতিহাসিক উপন্যাস। এতে দেশ প্রেম ফুটে উঠেছে।
৪। ক-কপালকুন্ডলা: বাংলা সাহিত্যে প্রথম রোমান্টিক উপন্যাস।
৫। বি-বিষবৃক্ষ: সামাজিক উপন্যাস।
৬। রা-রাঁধারাণি।
৭। ই-ইন্দরা।
৮। ক-কৃষ্ণকান্তের উইল: সর্বশ্রেষ্ঠ সামাজিক উপন্যাস হিসেবে বিবেচিত।
৯। দ-দুর্গেশনন্দিনী (১৮৬৫) প্রথম বাংলা উপন্যাস।
১০। ম-মৃণালিনী: এটি ত্রয়োদশ শতাব্দীর বাংলাদেশ ও তুর্কি আক্রমনের ঐতিহাসিক পটভূমিতে রচিত।
১১। দেবী-দেবী চৌধুরাণী।
১২। র-রজনী: বাংলা ভাষায় প্রথম মনস্তাত্ত্বিক বিশ্লেষণ মূলক উপন্যাস (সামাজিক)।
১৩। চন্দ্র-চন্দ্রশেখর।
১৪। যুগ-যুগালাঙ্গুরীয়।

অথবা,

রাজসিংহ-মৃণালীনি ও দেবীচৌধুরানী কে এক রজনীতে আনন্দমঠের বিষবৃক্ষের সামনে নিয়ে কৃষ্ণকান্ত ও সীতারামকে বললো তোরা দুর্গেশনন্দিনী ও কপাল কুন্ডলাকে ভুলে যা।

অথবা,

রাজসিংহ থেকে চন্দ্রশেখরের স্ত্রীদ্বয় রাধারাণী ও দেবী চৌধুরীরাণী চাঁদনী রজনীতে ইন্দিরা রোডের দুর্গেশ পথ ধরে আনন্দমঠের বিষবৃক্ষের নিচে এসে কৃষ্ণকান্তকে যুগলাঙ্গুরীয় উইল করায় মৃণালিনী সীতারামের কপাল কুন্তলা।

অথবা,

শোন ইন্দিরা রাজসিংহ থেকে চন্দ্রশেখর ও দেবী চৌধুরীরনীকে নিয়ে আনন্দমঠে বিষবৃক্ষের নিচের রাধারানী ও মৃণালিণী কৃষ্ণকান্ত যুগলাঙ্গুরীয় কপালকুন্ডলা সীতারামের পাশে দুর্গেশ রজনী অপেক্ষায় রইল।

বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ত্রয়ী উপন্যাসমূহঃ

আদেশ

ব্যাখ্যাঃ আ=আনন্দমঠ, দে=দেবী চৌধুরাণী, শ=সীতারাম

প্রবন্ধঃ কমলাকান্তের দপ্তরের মুচিরাম গুড়ের জীবন চরিত্র বঙ্গদেশের কৃষক, কৃষ্ণ চরিত্র বঙ্কিমের বিবিধ প্রবন্ধের বিজ্ঞান রহস্য ও লোক রহস্যের সাম্য খুঁজে পায় না।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরঃ জীবনকালঃ (১৮২০-১৮৯১)

অনুবাদ গ্রন্থঃ বেতাল পঞ্চবিংশতির বাঙ্গালার ইতিহাসে শকুন্তলায় সীতার বনবাস হলে জীবন চরিত্রের ভ্রান্তিবিলাস কথামালায় বোধদয় হল বাসুদেব যার চরিত্র আর পাওয়া গেল না।

মৌলিক গ্রন্থঃ বিদ্যাসাগর রচিত প্রভাবতি সম্ভাষণ, ব্রজবিলাস, রত্নপরীক্ষা ও বর্ণ পরিচয় এ সংস্কৃত ভাষা ও সাহিত্য বিষয়ক প্রস্তাব, বিধবা বিবাহ চলিত হওয়া উচিত কিনা এতদ্ববিষয়ক প্রস্তাব এবং বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্ববিষয়ক বিচার বইয়ে যা উল্লেখ ছিল তা।

মাইকেল মধুসূদন দত্তঃ জীবনকালঃ (১৮২৪-১৮৭৩)

কাব্যঃ বীরাঙ্গনা ও ব্রজাঙ্গনা তিলোত্তমা সম্ভারের সাথে Captive Lady কে নিয়ে চতুর্দশপদী কবিতাবলীর Vision of the past তৈরী করল।

অথবা,

মধুসূদন দত্ত মেঘণাবধ ও তিলোত্তমাসম্ভারের মূল কাহিনীকে অনুসরণ করে চতুর্দশ কবিতাবলীর শৈলীর বিন্যাস ঘটিয়ে বীরাঙ্গনা, ব্রজাঙ্গনাকে নিয়ে Catative Lady এবং Vision of the past চলচ্চিত্র নির্মাণ করেন।

ব্যাবাঃ মাইকেলের তিলোত্তমা সম্ভার, মেঘনাবদ, বীরাঙ্গনা কাব্য অমিত্রাক্ষর ছন্দে রচিত ও চতুর্দশপদী কবিতাবলী সনেটের অন্তর্ভূক্ত এবং ব্রজাঙ্গনা কাব্য এগুলোর ভিন্ন।

নাটকঃ মায়াকাননে কৃষ্ণকুমারী শর্মিষ্ঠা পদ্মাবতী পার হবেন।

অথবা,

মাইকেলে পদ্মাবতী মায়াকাননে শর্মিষ্ঠা ও কৃষ্ণকুমারী জেলে।

প্রহসনঃ মাইকেল বুড়ো শালিকের ঘাঁড়ে রো ও একেই কি বলে সভ্যতা প্রহসন লিখে এবং বাংলা প্রথম গীতি কবিতা "আত্মবিলাপ" রচনা করেন।

জসীম উদ্দিনঃ জীবন কাল ঃ (১৯০৩-১৯৭৬)

জন্মঃ ১৯০৩ সালের ১ লা জানুযারী ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে।
মৃত্যুঃ ১৯৭৬ সালের ১৩ মার্চ,ঢাকা।

কাব্যঃ রাখালি গ্রামের সোজন বাদিয়ার ঘাটে রঙ্গিলা নায়ের মাঝি হাসু রূপবতী ও সুচয়নী হলুদ বরনি কন্যা সোকিনা এক পয়সার বাশি বাজিয়ে পদ্মা পাড়ের বালুর চরের ধান ক্ষেতে নিয়ে নকশিকাথার মাঠ উপহার দেয়। এ কথা শুনে মা জননী মাটির কান্নায় ভেঙ্গে পড়ে।

অথবা,

রাখালী নকশী কাথার মাঠে ধানক্ষেতে বসে এক পয়সার বাঁশি বাঁজাতে বাজাতে সোজন বাদিয়ার ঘাটে রূপবতী হলুদ বরণ শাড়ী পড়ে সূচয়নীকে দেখে হাসুর মা জননী কান্নায় বালুর চরে বসে সকিনা কে ভয়াবহ সেই দিন গুলোতে মাগো জ্বালায়ে রাখিস আলো আমার কাফনের মিছিলে।

অথবা,

নকশীকাঁথার মাঠের ধানক্ষেতের পাশে দিয়ে রাখালী হলুদ বরণ সূচয়নীকে নিয়ে এক পয়সর বাঁশি বাঁজাতে বাজাতে সোজন বাদিয়ার ঘাটের নিকট আসিলে হাসুর মা জননী বালুচরে মাটির কান্নায় ভেঙ্গে পড়।

*উপরের রোমান্টিক গল্পটিতে (১) জসীম উদ্দীনের ১৩টি কাব্যগ্রন্থ রয়েছে। যথা রাখালী, সোজন বাদিয়ার ঘাট, রঙ্গিলা নায়ের মাঝি, হাসু, রূপবতী সূচয়নী, সোকিনা, এক পয়সার বাশি, বালুচর, ধান ক্ষেত, নকশিকাথার মাঠ, মা যে জননী কান্দে, মাটির কান্না।

অথবা,

হলুদ বরনীর দেশে হাসু, ডালিম কুমার, সখিনা ও সূচয়নী ভয়াবহ সেই দিনগুলোতে এক পয়সর বাশি বাজিয়ে ধানক্ষেতের বালুচরে মাটির তৈরী কবর জলে নকশী কাথার কাফন মুড়িয়ে সোজন বাদিয়ার ঘাটে এসে রাখালীর মা পল্লী জননী রঙ্গিলা নামের মাঝির জন্য কাঁদতে লাগল।

অথবা,

রঙ্গিলা নায়ের মাঝি, রাখালী এক পয়সার বাঁশি হাতে ডালিম কুমার ও হাসুর সঙ্গে (তিনটি শিশুতোষ গ্রন্থ) সোজন বাদিয়ার ঘাট থেকে বালুচর, হলুদ বরণী ধানক্ষেত ও সূচয়নী নকশী কাঁথার মাঠ পেরিয়ে মাটির কান্না শুনে মনে পড়ল মা যে জননীয় কান্দে তখন মনের অজান্তেই বলল, সখিনা মাগো জালিয়ে রাখিস আলো।

ব্যাখ্যাঃ হলুদ বরনী, জলে লেখন, হাসু, নকশী কাথার মাঠ, ডালিম কুমার, কাফনের মিছিল, সখিনা, সোজন বাদিয়ার ঘাট, সুচয়নী, রাখালীর মা, ভয়াবহ সেই দিনগুলোতে, রঙ্গিলা নায়ের মাঝি, এক পয়সার বাঁশি, মা যে জননী কান্দে, ধানক্ষেত, বালুচর, মাটির কান্না।
নাটকঃ বেদের মেয়ে, পল্লীবধু, মধুমালাকে নিয়ে পদ্মপার হলো।

অথবা,

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

বাংলা শর্টকাট মেথড

জসীম উদ্দিনের বেদের মেয়ে গ্রামের মায়া ছেড়ে পদ্মপার হয়ে পল্লীবধু মধুমালার নাটক দেখতে গেল ।

অথবা,

পদ্মা পাড়ের বেদের মেয়ে মধুমালার সাথে অন্য গ্রামের মেয়ে এক পল্লীবধুর বন্ধুত্ব সবার মুখে মুখে ।

ব্যাখ্যাঃ পদ্মাপাড়, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধু, গ্রামের মেয়ে ।

উপন্যাসঃ বোবা কাহিনী ।

ভ্রমন কাহিনী ঃ * চলে মুসাফির, * যে দেশে মানুষ বড় * ঠাকুর বাড়ির আঙ্গিনায় ।

আত্মজীবনী ঃ জীবন কথা ।

* জসীম উদ্দিন এর রচনায় কুমুদরঞ্জর মল্লিক এর প্রভাব রয়েছে ।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ঃ জীবনকাল (১৮৭৬-১৯৩৮)

জন্মঃ ১৫ সেপ্টেম্বর, ১৮৭৬ হুগলী । মৃত্যুঃ ১৬ জানুয়ারী, ১৯৩৮ ।

উপন্যাসঃ বড়দিদি ও মেজদিদি অরক্ষনীয়াকে নিয়ে পথের দাবিতে বিরাজ বৌয়ের কাছে গেল । সেখানে দেবদাস, বিপ্রদাস ও শ্রীকান্ত ছিল । তারা সবাই এই পরিনীতা বামুনের মেয়ের চরিত্রহীন স্বামীকে পল্লী সমাজের সামনে শেষ প্রশ্ন করতে চাইল । শেষের পরিচয়ে বৈকুণ্ঠের উইল অনুযায়ী গৃহদাহ করলো ।

অথবা, অরক্ষনীয় গৃহের ছবি দেখে কাশীনাথ শ্রীকান্তকে বললেন, "চরিত্রহীন দেবদাস পশুর সমান" ।

ব্যাখ্যাঃ চ-চরিত্রহীন, দেব-দেবদাস, দেনাপাওনা, দাস-বিপ্রদাশ, প-পরিনীতা, শু-পন্ডিত মশাই, র-পথের দাবী, স-পল্লী সমাজ, মা-রামের সুমতি, ন-চন্দ্রনাথ ।

অথবা,

চরিত্রহীন দেবদাস ও বিপ্রদাসের সাথে চন্দ্রনাথের বড়দিদি ও মেজদিদির অন্যরকম সম্পর্ক থাকায় দেনা পাওনা হিসাবে পল্লীসমাজ তাদের গৃহদাহ করল । কিন্তু শ্রীকান্ত ও শুভদা তাদের পথের দাবী তুলে শেষের পরিচয় পেয়ে শেষ প্রশ্ন করল । ফলে নববিধানে নিস্কৃতি মিললো এবং দত্তা বৈকুণ্ঠের উইল করিয়া বিরাজ বৌকে পরিনীতা হিসাবে গ্রহন করলো ।

ব্যাখ্যাঃ চরিত্রহীন, দেবদাস, বিপ্রদাস, দেনাপাওনা, চন্দ্রনাথ, বড়দিদি, মেজদিদি, দেনা পাওনা, পল্লীসমাজ, গৃহদাহ, শ্রীকান্ত, শুভদা, পথের দাবী, শেষের পরিচয়, শেষ প্রশ্ন, ননবিধা, নিস্কৃতি, দত্তা বৈকুণ্ঠের উইল, বিরাজ বৌ, পরিনীতা ।

অথবা,

সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•

বাংলা শর্টকাট মেথড

শ্রীকান্ত ও শুভদা বিরাজবৌ কে নিয়ে বড়দি ও মেজদির দেনা-পাওনার কথা দত্তা কে বলেলো- এই শেষ প্রশ্ন এটাই শেষের পরিচয় পরিনীতা। নববিধানে নিস্কৃতি চেয়ে বৈকুণ্ঠের উইল হাতে নিয়ে চরিত্রহীন দেবদাস ও বিপ্রদাসের সাথে চন্দ্রনাথের পথের দাবী গৃহদাহ ও পল্লীসমাজের একি অবস্থা পন্ডিত মশাই।

গল্পঃ রামের সুমতি ছবিতে একাদশী বৈরাগী সতী বিলাসী মহেশ কে নিয়ে স্বামী পরেশের সঙ্গে মামলার ফল পেয়ে অভাগীর স্বর্গ কাশিনাথ মন্দিরে গেল।

অথবা,

বিন্দুর ছেলে মহেশ রামের সুমতি হলো না। সে বিলাসীকে নিয়ে মন্দিরে গেলই।

অথবা, বিলাসীর মেজদিদি বিন্দুর দুই ছেলে মহেশ ও পরেশ আর এক মেয়ে সতী, মন্দিরের জমি নিয়ে মামলার ফলে তার আজ কপর্দক শূন্য।

ব্যাখ্যাঃ ছবি, বিলাসী, পরেশ, সতী, মহেশ, মন্দির, মামলার ফল, বিন্দুর ছেলে, মেজদিদি।

প্রবন্ধঃ তরুনেরা বিদ্রোহ করলো স্বদেশ ও সাহিত্যের বিরুদ্ধে নারীর মূল্য বোঝাতে।

বেগম রোকেয়া ঃ জীবনকাল ঃ (১৮৮০-১৯৩২)

উপন্যাসঃ অবরোধ বাসিনী রোকেয়া পদ্মরাগ উপন্যাস লেখেন।

প্রবন্ধঃ মতচর, সুলতানার স্বপনএক ভিলসিয়া দ্বারা হত্যা করলো।

রোকেয়া রচনাঃ *পদ্মরাগ *মতিচুর * অবরোধবাসিনী * সুলতানার স্বপ্নকে * ডিলসিয়া দ্বারা হত্যা করতে চাইল।

প্রমথ চৌধুরীঃ জীবনকাল (১৮৬৮-১৯৪৬)

জন্মঃ আগষ্ট ৭, ১৮৬৮ যশোর। তাঁর পৈত্রিক নিবাস ছিল। বাংলাদেশের পাবনা জেলায় চাটমোহর উপজেলার হরিপুর গ্রামে।

মৃত্যুঃ সেপ্টেম্বর ২, ১৯৪৬ কলকাতা।

প্রবন্ধগ্রন্থঃ আমাদের শিক্ষা সম্পর্কে বীরবলের হালকাতায় নানা কথা ও নানা চর্চা রয়েছে। এমনকি এতে তেল নুন লাকড়ি ও রায়তের কথাও রয়েছে।

গল্পগ্রন্থঃ নীল লোহিত, চার ইয়ারীর কথা শুনে আত্মহুতি (আহুতি) নিক্ষেপ করলেন।

তেল নুন লাকড়ির দোকানে গত বৈশাখে বীরবলের হালখাতা দ্বারা আমাদের আহুতি করা হয়েছে। সে দোকানে অনেক লোকের পদচারণ ঘটল এবং আত্মকথা কথা হল ও নানা চর্চা হল। নীল লোহিতের, রায়তের কথা, চার ইয়ারী কথা পর্যন্ত উঠে আসল সকলের মুখে মুখে। আর সকলের হিসাব দেখা গেল সনেট পঞ্চাশৎ থেকে।

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT

রচনাসমগ্রঃ তেল নুন লাকড়ী (১৯০৬); বীরবলের হালখাতা (১৯১৭); রায়তের কথা (১৯১৯); আহুতি; প্রবন্ধ সংগ্রহ (১৯৫২); নানাচর্চা (১৯২৩); প্রাচীন বঙ্গ সাহিত্য হিন্দু মুসলমান (১৯৫৩); সনেট পঞ্চাশৎ (১৯১৩); চার-ইয়ারি কথা (১৯১৬), The Story Of Bengali Literature (১৯১৭), পদচারণ (১৯১৯), রায়তের কথা (১৯২৬), নীললোহিত (১৯৩২) ও আত্মকথা (১৯৪৬)।

মৃত্যুঃ সেপ্টেম্বর ২, ১৯৪৬ কলকাতা।

জহির রায়হান ঃ জীবনকাল ঃ (১৯৩৫-১৯৭২)

উপন্যাসঃ বরফ গলা নদীর পাশে শেষ বিকেলে মেয়ের তৃষ্ণায় হাজার বছর ধরে অপেক্ষা করছি। আর কতদিন লাগবে আরেক ফাল্গুন আসতে, নাকি কয়েকটি মৃত্যু চায়।

অথবা,

হাজার বছর ধরে আরেক ফাল্গুন পর্যন্ত শেষ বিকেলের মেয়ে আর কত দিন তৃষ্ণা মেটানোর জন্য বরফ গলা নদীর পাশে অপেক্ষা করবে।

অথবা,

ওগো শেষ বিকেলের মেয়ে, তোমার জন্য হাজার বছর ধরে বরফ গলা নদীর তীরে তৃষ্ণায় কয়েকটি মৃত্যু, আরেক ফাল্গুনের অপেক্ষায় থাকবো আর কত দিন।

অথবা,

হাজার বছর ধরে শেষ বিকালের মেয়ে আর কতদিন তৃষ্ণা মেটানোর জন্য বরফ গলা নদীর পাশে আরেক ফাল্গুন পর্যন্ত অপেক্ষা করবে।

জহির রায়হানের চলচ্চিত্রঃ আমার জীবন থেকে নেয়া আনোয়ারা কাঁচের দেয়াল হয়ে গেল। অন্যদিকে বেহুলা ও কখনো আসে নি। তাই বললা লেট দেয়ার বি লাইট কিন্তু জহির রায়হান বললেন স্টপ জেনোসাইড।

** এক নজরে মিলিয়ে নেই-জীবন থেকে নেয়া, আনোয়ারা, কাঁচের দেয়াল, বেহুলা, কখনো আসেনি, লেট দেয়ার বি লাইট, স্টপ জেনোসাইড।

ফররুখ আহমেদঃ জীবনকালঃ (১৯১৮-১৯৭৪)

কাব্যঃ সাত সাগরের মাঝি সিরাজুম মুনীরা মুহূর্তের মধ্যেই নৌফেল ও হাতেম তাই এর জন্য পাখির বাসা বানাল।

অথবা,

সাত সাগরের মাঝি নৌফেল ও হাতেম ফররুখ আহমেদের শ্রেষ্ঠ কবিতা মুহূর্তের কবিতা বলতে পারায়, সিরাজুম মুনীরা তাদেরকে পাখির বাসা উপহার দিল।

অথবা,

হাতেম তায়ী এক সিরাজুম মুনীরা যিনি সাত সাগরেরমাঝি হয়ে মুহূর্তের কবিতা রচনা করেন।

ব্যাখ্যাঃ সাত সাগরের মাঝি, সিরাজুম মুনীরা, মুহূর্তের কবিতা, হাতেম তাই, নোফেল ও হাতেম, পাখির বাসা।

দরিয়া, শেষ রাত্রি, লাশ, সাত সাগরের মাঝি কাব্যের অন্তর্গত।

অথবা,

হাতেমতায়ী সেনাপতি নৌফেল ও হাতেমকে সঙ্গে নিয়ে সাতসাগর পার হয়ে রাজকন্যা সিরাজুম মুনীরাকে উদ্ধার করেছিলেন।

ব্যাখ্যাঃ হাতেমতায়ী=হাতেমতায়ী (কাহিনী কাব্য-১৯৬৬)

সেনেপতি= (...............)

নৌফেল ও হাতেমকে=নৌফেল ও হাতেম (কাব্যনাট্য-১৯৬১)

সাতসাগার=সাত সাগরের মাঝি (দরিয়া, শেষ রাত্রি, লাশ সাত সাগরের মাঝি কাব্যের অন্ত র্গত।)

রাজকন্যা [...........]

সিরাজুম মুনীরা=সিরাজুম মুনীরা [১৯৫২]

শামসুর রহমান ঃ জীবনকাল ঃ (১৯২৯-২০০৬)

জন্ম ঃ তিনি ১৯২৯ সালের ২৩ অক্টোবর পুরান ঢাকার ৪৬ নম্বর মাহুতটুলীতে জন্মগ্রহন করেন। তার পৈত্রিক বাড়ি ঢাকা জেলার রায়পুর থানার পাড়াতলী গ্রামে।

কাব্যঃ বাংলাদেশ স্বপ্ন দেখে উঠলো দুঃসময়ের মুখোমুখি বন্দী শিবির থেকে বললো, আমি অনাহারী, বিধ্বস্তী নীলিমা, ফিরিয়ে নাও ঘাতক-কাটা। রৌদ্র করোটিতে তখন প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে এক ফোঁটা কেমন অনল ঝরলো উদ্ভদ উটের পিঠ থেকে। বুক তার বাংলাদেশের হৃদয়।

শিশু সাহিত্যঃ এলাটিং বেলাটিং একটা স্মৃতির শহর, সেখানে গোলাপ ফোঁটে খুকির হাতে আজও ধান বানলে কুঁড়ো দিব।

উপন্যাসঃ অক্টোপাস (১৯৮৩), অদ্ভুত আঁধার এক (১৯৮৫), নিয়ত মন্তাজ (১৯৮৫), এলো সে অবেলায় (১৯৯৪)

আত্মস্মৃতিঃ স্মৃতির শহর (১৯৭৯), কালের ধুলোয় লেখা (২০০৪)

অনুবাদ কবিতাঃ ফ্রস্টের কবিতা (১৯৬৬); রবার্ট ফ্রস্টের নির্বাচিত কবিতা (১৯৬৮) খাজা ফরিদের কবিতা (১৯৬৮)

অনুবাদ নাটকঃ হৃদয়ের ঋতু (মূলঃ টেনেসি উইলিয়ামস); মার্কোমিলিয়ামস্ (মুলঃ ইউজিন ও'নীলঃ ১৯৬৭), হ্যামলেট (মূলঃ উইলিয়াম শেক্সপিয়রঃ ১৯৯৫)।

মৃত্যুঃ কবি শামসুর রহমান ২০০৬ সালের ১৭ই আগষ্ট বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা বেজে ৩৫ মিনিটে ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর ইচ্ছানুযায়ী ঢাকাস্থ বনানী কবরস্থানে নিজ মায়ের কবরের পাশে তাঁকে সমাধিস্থ করা হয়।

বেগম সুফিয়া কামাল ঃ জীবনকাল (১৯১১-১৯৯৯)

জন্মঃ সুফিয়া কামালের জন্ম ১৯১১ সালের ২০ জুন বরিশালের শায়েস্তাবাদে এক অভিজাত পরিবারে।

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT •

মৃত্যুঃ ১৯৯৯ সালের ২০ নভেম্বর ঢাকায় সুফিয়া কামাল মৃত্যুবরণ করেন। তাঁকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিতকরা হয়। বাংলাদেশী নারীদের মধ্যে তিনিই প্রথম এই সম্মান লাভকরেন।

কাব্যগ্রন্থঃ উদাত্ত পৃথিবীতে সাঁঝের মায়া সেন এক অভিযাত্রিক।

কাব্যগ্রন্থঃ

- সাঁঝের মায়া (১৯৩৮)
- মায়া কাজল (১৯৫১)
- মন ও জীবন (১৯৫৭)
- শান্তি ও প্রার্থনা (১৯৫৮)
- উদাত্ত পৃথিবী (১৯৬৪)

গল্পঃ

- কেয়ার কাটা (১৯৩৭)

ভ্রমনকাহিনীঃ

- সেভিয়েতে দিনগুলি (১৯৬৮)

স্মৃতিকথা ঃ

- একাত্তুরের ডায়েরী (১৯৮৯)
- সুফিয়া কামাল একালে আমাদের কাল নামে একটি আত্মজীবনী রচনা করেছেন। তাতে তাঁর ছোটবেলার কথা এবং রোকেয়া প্রসঙ্গ স্থান পেয়েছে।

পুরস্কারঃ সাহিত্য ক্ষেত্রে বিশিষ্ট অবদানের জন্য সুফিয়া কামাল অসংখ্য পুরস্কার ও সম্মাননা লাভ করেছেন। ১৯৬১ সালে তিনি পাকিস্তান সরকার কর্তৃক 'তঘমা-ই-ইমতিয়াজ নামক জাতীয় পুরস্কার লাভ করনে। কিন্তু ১৯৬৯ সালে বাঙালিদের উপর অত্যাচারের কারণে তিনি তাহা বর্জন করেন। তার অন্যান্য উল্লেখযোগ্য পুরস্কারঃ বাংলা একাডেমী পুরস্কার (১৯৬২), একুশে পদক (১৯৭৬), নাসিরউদ্দিন স্বর্ণপদক (১৯৭৭), মুক্তধারা পুরস্কার (১৯৮২), জাতীয় কবিতা পরিষদ পুরস্কার (১৯৯৫), Women's Federation for World Peace Crest (১৯৯৬) এবং Czechoslovakia Medal (১৯৮৬) সহ বেশ কয়েকটি আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন।

সেলিনা হোসেনঃ জীবনকাল (১৯৪৭-বর্তমান)

জন্মঃ ১৯৪৭ সালের ১৪ জুন রাজশাহীতে।

হাঙ্গর নদীর গ্রেনেডে জলোচ্ছ্বাস দেখে কালকেতু ও ফুল্লরা পোকামাকড়ের ঘর বসতির যাপিত জীবন ছেড়ে নিরন্তর ঘন্টাধ্বনি শুনে মগ্ন চৈতন্যে শিস দিতে দিতে নীলময়ূরের যৌবনে ফিরে গেল।

সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল •

মীর মোশাররফ হোসেন : জীবনকাল : (১৮৪৭-১৯১১)

জন্ম ঃ ১৩ নভেম্বর ১৮৪৭, কুষ্টিয়া, মৃত্যুঃ ১৯ ডিসেম্বর ১৯১১।

উপন্যাস ঃ রাজিয়া খাতুন রত্নাবতীর বিষাদ সিন্ধু লিখিত বাঁধাখাতা গাজী মিয়ার বস্তানীতে উপস্থাপন করলেন, আসলে এটা কি উদাসীন পথিকের মনের কথা নাকি নিয়তি কি অবনতি।

অথবা,

গাজী মিয়ার বস্তানী, প্রথম উপন্যাস রত্নাবতী তে রাজিয়া খাতুনের বাঁধা খাতায় নিয়তির কি অবনতি উদাসীন পথিকের মনের কথা, বিষাদ সিন্ধু পড়লে বুঝা যায়।

অথবা,

রত্নবতী বিষাদসিন্ধুর পানে তাকিয়ে থাকা উদাসীন পথিকের মনের কথা বুঝতে পেরে বাঁধা খাতাটি গাজী মিয়ার বস্তানীতে রাখলেন।

ব্যাখ্যা ঃ রত্নাবতী-বাংলা সাহিত্যের মুসলমান রচিত ১ম উপন্যাস, বিষাদসিন্ধু, গাজীমিয়ার বস্তানী, বাঁধা খাতা, উদাসীন পথিকের মনের কথা।

প্রহসন ঃ ভাইয়ে ভাইয়ে ফাঁস কাগজে একি করল? এর উপায় কি?
ভাই ভাই এটা তো চাই, একি, এর উপর কি, ফাঁস কাগজ।

নাটক ঃ বেটা বসন্ত জমিদার।

ব্যাখ্যা ঃ বে-বেহুলা গীতাভিনয়, টা-টালা অভিনয়, বসন্ত-বসন্ত কুমারী, জমিদার-জমিদার দর্পন।

অথবা,

বসন্তকুমারী রাজা জমিদার দর্পনের নিকট বেহুলার সাথে গীতাভিনয় করলেন।

কাব্যগ্রন্থ ঃ গোরাই ব্রীজের মোসলেম বীরত্ব পঞ্চনারী সঙ্গীত লহরীর কাব্যের কথা মীর মোশাররফ ভাল করেই জানতেন।

প্যারীচাঁদ মিত্রঃ জীবনকালঃ (১৮১৪-১৮৮৩)

জন্ম ঃ কলকাতায় ১৮১৪ সালের ২২শে জুলাই জন্মগ্রহন করেন।

উপন্যাসঃ আলালের ঘরের দুলাল হয়ে মদ খাওয়া বড় দায়। তারপরও আধ্যাত্মিকা মনে অভেদী হয়ে মদ খেলে জাত থাকার কি উপায় আছে?

সাহিত্য সম্পাদনা ঃ আলালের ঘরের দুলাল (তাঁর শ্রেষ্ঠ এবং বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস।) উল্লেখ্য যে, এখানে তিনি যে কথ্য ভাষা ব্যবহার করেছিলেন তা আলালী ভাষা নামে পরিচিতি লাভ করেছে। এই গ্রন্থটি ইংরেজীতে অনুবাদ করা হয়েছিল The spoiled child নামে।

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT

- মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায়(১৮৫৯) উদ্ভট কল্পনা তাঁর এ গ্রন্থে লক্ষ করা যায়।
- অভেদী (১৮৭১)
- আধ্যাত্মিকা (১৮৮০)
- The Zemindar and Ryots এই গ্রন্থটি তখনকার সময়ে অনেক আলোড়ন সৃষ্টি করেছিলো। কারণ এটি রচিত হয়েছিলো চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থার বিরুদ্ধে।

মৃত্যুঃ ১৮৮৩ সালের ২৩শে নভেম্বর তিনি মারা যান।

মুনীর চৌধুরী ঃ জীবনকাল ঃ (১৯২৫-১৯৭১)

জন্মঃ ২৭শে নভেম্বর, ১৯২৫।

মুখরা রমনীর শয়নকক্ষে রুপার কৌটায় রাখা দন্ডকারন্যোর রক্তাক্ত প্রান্তরে কবরে শায়িত এক যোদ্ধার চিঠির বিষয়ে ঘরের কেউ কিছু বলতে পারেনা।

অনুবাদ নাটকঃ মুখরা রমনী বশীকরণ, রুপার কোটা, কেউ কিছু বলতে পারে না।

নাটকঃ রক্তাক্ত প্রান্তর, চিঠি, দন্ডকারণ্য, কবর।

অথবা,

নাটকঃ মুখরা রমনী বশীকরণ নাটকে দন্ডকারণ্য দের উদ্দেশ্য রুপার কোটার ভিতর করে কেউ কিছু বলতে পারেনা শিরোনাম একটি একটি চিঠি নিয়ে আসে যাতে লেখা আছে রক্তাক্ত প্রান্তর এবং পলাশী ব্যারাক ও অন্যান্য স্থানের শহীদদের কবর দেয়ার কথা।

প্রবন্ধঃ মীর মানস বাংলা গদ্য রীতিতে ড্রাইডেন ও ডি.এল.রায় এর তুলনামূলক সমালোচনা করেন।

উল্লেখ্যযোগ্য রচনাবলি।

নাটকঃ

রক্তাক্ত প্রান্তর (১৯৬২), (পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনী এর মুল উপজীব্য। নাটকটির জন্য তিনি ১৯৬২ সালে বাংলা একাডেমী পুরস্কার পান।)

- চিঠি (১৯৬৬)
- কবর (১৯৬৬) (নাটকটির পটভূমি হলো ১৯৫২ এর ভাষা আন্দোলন।)
- দন্ডকারণ্য (১৯৬৬)
- পলাশী ব্যারাক ও অন্যান্য (১৯৬৯)

অনুবাদ নাটকঃ

- কেউ কিছু বলতে পারে না (১৯৬৯), জর্জ বার্নার্ড শ-র You never can tell-এর বাংলা অনুবাদ।
- রুপার কোটা (১৯৬৯) জর্জ গলজওয়ার্দি-র The Silver Box এর বাংলা অনুবাদ।

- মুখরী রমনী বশীকরণ (১৯৭০) উইলিয়াম শেক্সপিয়ারের Taming of the Shrew এর বাংলা অনুবদা।

প্রবন্ধ গ্রন্থঃ

- ড্রাইডেন ও ডি.এল.রায় (১৯৬৩, পরে তুলনামুলক সমালোচনা গ্রন্থে অন্তর্ভূক্ত।)
- মীর মানস (১৯৬৫)
- রণাঙ্গন (১৯৬৬), সৈয়দ শামসুল হক ও রফিকুল ইসলামের সাথে একত্রে।
- তুলনামূলক সমালোচনা (১৯৬৯)
- বাংলা গদ্যরীতি (১৯৭০)

পুরস্কারঃ

- বাংলা একাডেমী পুরস্কার (নাটক) ১৯৬২।
- দাউদ পুরস্কার (মীর মানস গ্রন্থের জন্য) ১৯৬৫
- সিতারা-ই-ইমতিয়াজ (১৯৬৬)

মৃত্যুঃ ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর মুনীর চৌধুরীকে পাকিস্তানি সেনাবাহিনীদের সহযোগী আল-বদর বাহিনী তাঁর বাবার বাড়ি থেকে অপহরণ করে ও সম্ভবত ঐদিন তাকে হত্যা করে।

হুমায়ুন আহমেদ ঃ জীবনকাল ঃ (১৯৪৮-২০১২)

জন্মঃ ১৯৪৮ সালের ১৩ নভেম্বর রোজ শনিবার রাত ১০.৩০ মিনিটে তৎকালীন ময়মনসিংহ বর্তমানে নেত্রকোণায় জন্মগ্রহন করেন।

উপন্যাসঃ মহাপুরুষ তার প্রিয়তমেষুকে শঙ্খনীল কারাগার ও নন্দিত নরকের এই সব দিন রাত্রির নিশিকাব্যের জোছনা ও জননীর গল্প শুনতে লাগল। এমন সময় সম্রাট নীল অপরাজিতা-কে আগুনের পরশমনির মত বলল কে কথা কয়? আমরা দূরে কোথাও গিয়ে দুই দুয়ারীর জয়জয়ন্তীর গল্প শুনলাম।

ব্যাখ্যাঃ মহাপুরুষ, প্রিয়তমেষু, শঙ্খনীল কারাগার, নন্দিত নরকে (প্রথম উপন্যাস), এই সব দিন রাত্রি, নিশিকাব্য, জোছনা ও জননীর গল্প, সম্রাট, নীল, অপরাজিতা, আগুনের পরশমনি, কে কথা কয়, দুই দুয়ারী, জয়জয়ন্তী।

গল্পঃ এলেবেলে (রম্য রচনা)।

আত্মজীবনীমূলক গ্রন্থঃ বল পয়েন্ট, কাঠপেন্সিল ও রং পেন্সিল একেছেন তিনি মিছির আলী ও হিমুকে নিউয়র্কের আকাশে তখন ঝকঝকে রোদ (সর্বশেষ রচনা)।

** ছোটকালে হুমায়ুম আহমেদের নাম রাখা হয়েছিল শামসুর রহমান; ডাকনাম কাজল। তাঁর পিতা নিজের নাম ফয়জুর রহমানের সাথে মিল রেখে ছেলের নাম রাখেন শামসুর রহমান। পরবর্তীতে তিনি নিজেই নাম পরিবর্তন করে হুমায়ুন আহমেদ রাখেন। হুমায়ুন আহমেদের ভাষায়, তাঁর পিতা ছেলে-মেয়েদের নাম পরিবর্তন করতে পছন্দ করতেন। ১৯৬২-৬৪ সালে চট্টগ্রামে থাকাকালে হুমায়ুন আহমেদের নাম ছিল বাচ্চু। তাঁর ছোট ভাই মুহম্মদ জাফর

ইকবালের নাম আগে ছিল বাবুল এবং ছোটবোন সুফিয়ান নাম ছিল শেফালি। সর্বকনিষ্ঠ ভ্রাতা আহসান হাবীব রম্য সাহিত্যিক এবং কার্টুনিস্ট। **

মৃত্যুঃ মলাশয়ের ক্যান্সারে আক্রান্ত হয়ে দীর্ঘ নয় মাস চিকিৎসাধীন থাকার পর ২০১২ সালের ১৯ জুলাই-এ স্থানীয় সময় ১১.২০ মিনিটে নিউ ইয়র্কের বেলুভ্য হসপিটালে এই নন্দিত লেখক মৃত্যুবরণ করেন।

আখতারুজ্জমান ইলিয়াসঃ জীবনকাল ঃ (১৯৪৩-১৯৯৭)

জন্মঃ আখতারুজ্জমান মোহাম্মদ ইলিয়াছ ১৯৪৩ সালের ১২ই ফেব্রুয়ারী বাংলাদেশের গাইবান্দা জেলার গোটিয়া গ্রামে মামার বাড়িতে জন্মগ্রহন করেন। তার ডাক নাম মঞ্জু। তার পৈত্রিক বাড়ি বগুড়া জেলায়।

উপন্যাসঃ চিলেকোঠার সেপাই (১৯৮৭) খোয়াবনামা (১৯৯৬)

ছোট গল্প সংকলনঃ অন্য ঘরে অন্য স্বর (১৯৭৬), খোঁয়ারি (১৯৮২), দধুভাত উৎপাত (১৯৮৫); দোযখের ওম (১৯৮৯); জাল স্বপ্ন; স্বপ্নের জাল (১৯৯৭)

প্রবন্ধ সংকলনঃ সংস্কৃতির ভাঙ্গা সেতু (২২টি প্রবন্ধ)

ছোট গল্প তালিকাঃ প্রেমের গপ্পো; রেইনকোট; জাল স্বপ্ন; স্বপ্নের জাল; ফোঁড়া; কান্না; নিরুদ্দেশ যাত্রা; যুগলবন্দি; ফেরারী; অপঘাত; পায়ের নিচে জল; দুধভাত উৎপাত; সন্তু; ঈদ; মিলির হাতে স্টেনগান।

মৃত্যুঃ ১৯৯৭ সালের ৪ঠা জানুয়ারী আখতারুজ্জমান ইলিয়াস ক্যান্সারে আক্রান্ত হয়ে ঢাকা কম্যুনিটি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

মানিক বন্দ্যোপাধ্যায়ঃ জীবনকাল (১৯০৮-১৯৫৬)

জন্মঃ ১৯০৮ খ্রিষ্টাব্দের ২৯ মে পিতার কর্মস্থলে বিহারের সাঁওতাল পরগনার দুমকা শহরে তিনি জন্মগ্রহন করেন। তাঁর পৈত্রিক নিবাস ছিল ঢাকা জেলার বিক্রমপুরের নিকট মালবদিয়া গ্রামে।

উপন্যাসঃ মানিক বন্দ্যোপাধ্যায় শহরতলীতে আরোগ্য লাভ করলে পদ্মানদীর মাঝি সোনার চেয়ে দামী পুতুল নাচের ইতিকথার কথা দিবারাত্রিতে জননীর কাছে বলে।

অথবা,

শহরতলীতে শহরবাসের ইতিকথা বলতে গিয়ে পদ্মা নদীর মাঝির জননীর দিবা রাত্রির কাব্য, পতুলনাচের ইতিকথার মতোই আরোগ্যহীন হয়ে উঠলো অহিংস স্বাধীনতার স্বাদ তার কাছে সোনার চেয়ে দামী।

অথবা,

পদ্মা নদীর মাঝি মানিক তার সোনার চেয়ে দামী জননী, শহর তলিতে ইতি কথার পরে কথা শুনলেন।

বাংলা শর্টকাট মেথড

ব্যাখ্যাঃ শহরতলী, আরোগ্য, পদ্মানদীর মাঝি, সোনার চেয়ে দামী, পুতুল নাচের ইতিকথা, ইতিকথার পরের কথা, দিবারাত্রির কাব্য, জননী।

ছোটগল্পঃ অতসী মামী প্রাগৈতিহাসিক সরীসৃপ এর মত আজকাল আমার সাথে লাগে/জেগে আছে।

অথবা,

প্রাগৈতিহাসিক মিহি ও মোটা কাহিনীর সরীসৃপটি সমুদ্রের স্বাদ নিয়ে অতসী মামী ও অন্যান্য গল্প শুরু করলো।

ব্যাখ্যাঃঅতসী মামী ও অন্যান্য গল্প, প্রাগৈতিহাসিক, সরীসৃপ, আজকাল পরশু।
[মানিক বন্দ্যোপাধ্যায়কে বলা হয় কলম-পোষা-মজুর]

গ্রন্থতালিকাঃ

উপন্যাসঃ

* জননী (১৯৩৫) * দিবারাত্রির কাব্য (১৯৩৫) * পদ্মানদীর মাঝি (১৯৩৬) * পুতুলনাচের ইতিকথা (১৯৩৬) * জীবনের জটিলতা (১৯৩৬) * অমৃতস্য পুত্রাঃ (১৯৩৮) * শহরতলি (প্রথম খন্ড) (১৯৪০) * সহরতলি (দ্বিতীয় খন্ড) (১৯৪১) * অহিংসা (১৯৪১)	* ধারাবাঁধা জীবন (১৯৪১) * চতুষ্কোণ (১৯৪২) *প্রতিবিম্ব (১৯৪৩) *দর্পণ (১৯৪৫) *চিন্তামনি (১৯৪৬) * সহরবাসের ইতিকথা (১৯৪৬) *চিহ্ন (১৯৪৭) * আদায়ের ইতিহাস (১৯৪৭) * জীয়ন্ত (১৯৫০)	* পেশা (১৯৫১) * স্বাধীতার স্বাদ (১৯৫১) * সোনার চেয়ে দামী (প্রথম খন্ড) (১৯৫১) *সোনার চেয়ে দামী (দ্বিতীয় খন্ড) (১৯৫২) *পাশাপাশি (১৯৫২) *সার্বজনীন (১৯৫২) *নাগপাশ (১৯৫৩) * ফেরিওয়ালা (১৯৫৩)	*আরোগ্য (১৯৫৩) * চালচলন (১৯৫৩) * তেইশ বছর আগে পরে (১৯৫৩) * হরফ (১৯৫৪) * শুভাশুভ (১৯৫৪) *পরাধীন প্রেম (১৯৫৫) * হলুদ নদী সবুজ বন (১৯৫৬) * মাশুল (১৯৫৬)

ছোটগল্পঃ

* অতসী মামী ও অন্যান্য গল্প (১৯৩৫) * প্রাগৈতিহাসিক	* বৌ (১৯৪০) * সমুদ্রের স্বাদ (১৯৪৩) * ভেজাল (১৯৪৪)	* আজ কাল পরশুর গল্প (১৯৪৬) *পরিস্থিতির	* ছোট বড় (১৯৪৮) * ছোট বকুলপুরের যাত্রী (১৯৪৯)

RIYAD SAWKAT * RIYAD SAWKAT * RIYAD SAWKAT * RIYAD SAWKAT * RIYAD SAWKAT

(১৯৩৭) *মিহি ও মোটা কাহিনী (১৯৩৮) * সরীসৃপ (১৯৩৯)	* হলুদ পোড়া (১৯৪৫)	(১৯৪৬) * খতিয়ান (১৯৪৭) * মাটির মাশুল (১৯৪৮)	* ফেরিওলা (১৯৫৩) * লাজুকলতা (১৯৫৪)

নাটকঃ ভিটেমাটি (১৯৪৬)

মৃত্যুঃ ১৯৫৬ খ্রিষ্টাব্দের ৩ ডিসেম্বর কলকাতায় তাঁর মৃত্যু।

দীনবন্ধু মিত্রঃ জীবনকাল (১৮৩০-১৮৭৩)

নাটকঃ লীলাবতী, নীল দর্পনে নবীন তপস্বিনীকে নিয়ে কমলে কাহিনীকে দেখল।

ব্যাখ্যাঃ লীলাবতী; নবীন তপস্বিনী; কমলে কাহিনী; নীল দর্পনে।

প্রহসনঃ বিয়ে পাগলা বুড়ো, জামাই বারিক, সধবার একাদশীকে বিয়ে করলো। বিয়ে পাগলা বুড়ো, সধবার একাদশী, জামাই বারিক।

** নবীন জামাই কমল সধবার একাদশীতে লীলাবতীকে নিয়ে লীলদর্পণ নাটক দেখলে এক বুড়ো তাকে বিয়ে করার জন্য পাগল হয়ে যায়।

প্রহসনঃ বিয়ে পাগলা বুড়ো, সধবার একাদশী।

নাটকঃ লীলাবতী; নবীন তপস্বিনী, কমলে কানীনি, নীল দর্পন।

[বিঃ দ্রঃ নীল দর্পন- ঢাকা থেকে প্রকাশিত ১ম গ্রন্থ। মাইকেল মধুসূদন দত্ত নীলদর্পন নাটকটিকে ইংরেজীতে অনুবাদ করেন ১৮৬১ সালে। নাটকটি দেখতে এসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মঞ্চে জুতা ছুড়ে মেরেছিল।]

* তিনি ১৮৭১ সালে ভারত সরকার কর্তৃক রায় বাহাদুর উপাধি পান।

ঈশ্বরচন্দ্র গুপ্তঃ জীবনকাল (১৮১২-১৮৫৯)

জন্মঃ ১২১৮ বঙ্গাব্দের ২৫ ফাল্গুন (মার্চ ১৮১২) পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার কাঞ্চনপল্লী বা কাঁচড়াপাড়া গ্রামে তিনি জন্মগ্রহন করেন।

কবিতাঃ বাঙ্গালি মেয়ে আনারস আর তপসে মাছ খেয়ে নীল হয়ে গেলো।

ব্যাখ্যাঃ বাঙ্গালি মেয়ে, আনারস, তপসে মাছ, নীলকর।

মৃত্যুঃ ১২৬৫ বঙ্গাব্দের ১০ মাঘ (২৩ জানুয়ারী ১৮৫৯) তাঁর মৃত্যু হয়।

RIYAD SAWKAT • সহজে মনে রাখার ছন্দ কৌশল

এস.ওয়াজেদ আলীঃ জীবনকালঃ (১৮৯০-১৯৫১)

জন্মঃ ১৮৯০ সালের ৪ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের হুগলি জেলার শ্রীরামপুর মহকুমার বড় তাজপুর গ্রামে তিনি জন্মগ্রহন করেন।

ওয়াজেদ আলীর গ্রনাডার শেষ বীর ভবিষ্যতের বাঙ্গালীদের জীবনের শিল্প নিয়ে প্রাচ্য ও প্রতীচ্য মাস্তকের দরবারে গেল।

মৃত্যুঃ ১৯৫১ এ মৃত্যু।

বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ঃ জীবনকালঃ (১৮৯৪-১৯৫০)

জন্ম ঃ ১৮৯৪ খ্রিষ্টাব্দের ১২ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার কাঁচারপাড়ায় নিকটবর্তী ঘোষপাড়া-মুরাতিপুর গ্রামে মাতুলালয়ে জন্ম।

উপন্যাস ঃ পথের পাঁচালি (১৯২৯); অপরাজিত (১ম ও ২য় খন্ড, ১৯৩২) দৃষ্টিপ্রদীপ (১৯৩৫) আরণ্যকে (১৯৩৯) আদর্শ হিন্দু হোটেল (১৯৪০) বিপিনের সংসার (১৯৪১), দুই বাড়ি (১৯৪১); অনুবর্তন (১৯৪২) দেবযান (১৯৪৪); কেদার রাজা (১৯৪৫); অথৈজল (১৯৪৭); ইছামতী (১৯৫০); অশনি সংকেত (অসমাপ্ত, বঙ্গাব্দ ১৩৬৬); দম্পতি (১৯৫২)

ভ্রমনকাহিনী ও দিনলিপিঃ অভিযাত্রিক (১৯৪০); স্মৃতির রেখা (১৯৪১) তৃণাঙ্কুর (১৯৪৩) ঊর্মিমুখর (১৯৪৪), বনে পাহাড়ে (১৯৪৫); উৎকর্ণ (১৯৪৬); হে অরণ্য কথা ও কও (১৯৪৮)।

মৃত্যুঃ ১৯৫০ খ্রিষ্টাব্দের ১লা নভেম্বর তারিখ বিহারের (বর্তমানে ঝাড়খন্ড) ঘাটশিলায় মৃত্যুবরণ করেন।

শহীদুল্লাহ কায়সার ঃ জীবনকালঃ (১৯২৭-১৯৭১)

জন্মঃ ১৯২৭ সালের ১৬ ফেব্রুয়ারী ফেনী জেলার মজুপুর গ্রামে জন্মগ্রহন করেন। তাঁর প্রকৃত নাম ছিল আবু নঈম মোহাম্মদ শহীদুল্লাহ । তার বাবার নাম মাওলানা মোহাম্মদ হাবিবুল্লাহ্ এবং মায়ের নাম সৈয়দা সুফিয়া খাতুন।

টেকনিকঃ

সংসপ্তক উপন্যাসের কাহিনীতে সারেং বউ পেশোয়ার থেকে তাসখন্ড যান রাজবন্দির রোজনামচা জানতে।

সাহিত্যকর্ম ঃ

* সারেং বৌ, উপন্যাস (১৯৬২), (চলচ্চিত্র রূপ ১৯৭৮)।
* সংশপ্তক, উপন্যাস (১৯৬৫)।

পুরস্কার তালিকাঃ

- আদমজী সাহিত্য পুরস্কার (১৯৬২)

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

- বাংলা একাডেমী পুরস্কার (১৯৬২)
- স্বাধীনতা পুরস্কার (১৯৯৮)

ব্যক্তিগত জীবনঃ
শহীদুল্লাহ কায়সার দুইবার বিয়ে করেছিলেন। তিনি প্রথমে পশ্চিমঙ্গের রাজ্যমন্ত্রী ও চিকিৎসক আর আহমেদের কন্যা জোহরা খাতুনকে বিয়ে করেন। বিবাহবিচ্ছেদের পরে শহিদুল্লাহ কায়সার ১৯৬৯ সালে পান্না চৌধুরীকে বিয়ে করেন। পান্না কায়সার ১৯৯৬-২০০১ সালের জাতীয় সংসদে আওয়ামীলীগের একজন সাংসদ ছিলেন। তাঁদের দুইটি সন্তান, আমি কায়সার ও শমী কায়সার। শমী টেলিভিশণ ও চলচ্চিত্রে অভিনেত্রী হিসাবে খ্যাতি অর্জন করেছেন।
মৃত্যুঃ ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর সন্ধ্যায় আলবদর বাহিনীর কজন সদস্য তাঁকে তাঁর বাসা ২৯ বি কে গাঙ্গুলী লেন থেকে ধরে নিয়ে যায়। তারপর তিনি আর ফেরিন নি।

সৈয়দ ইসমাইল হোসেন সিরাজীঃ জীবনকাল (১৮৭১-১৯৩১)

উপন্যাসঃ রানুর ফিতা।
রা-রায় নন্দিনী, নূর-নুর উদ্দিন, ফি-ফিরোজা বেগম, তা-তারাবাঈ।
কাব্যঃ নব-উদ্দীপনা উচ্ছাসে অনল প্রবাহে তুরস্কে ভ্রমন করে স্পেন বিজয় করল।
ব্যাখ্যাঃ নবউদ্দীপনা, উচ্ছ্বাস, অনল প্রবাহ।
ভ্রমন কাহিনীঃ তুরস্ক ভ্রমন।
মহাকাব্যঃ স্পেন বিজয়

আবু ইসহাকঃ জীবকালঃ (১৯২৬-২০০৩)

জন্মঃ ১৯২৬ সালের ১লা নভেম্বর শরিয়তপুর জেলার নাড়িয়ার শিরমঙ্গল গ্রামে।
মৃত্যুঃ ১৬ ফেব্রুয়ারী ২০০৩।

রচনাবলীঃ আবু ইসহাক পদ্মার পল্লীতে সুর্যদীঘল বাড়ীতেবসে উপন্যাসের জাল বোনে, নিজ হারেমে বসে মহা পতঙ্গ গল্প লেখে। আর মৃত্যু অবধি ২০০২ পর্যন্ত লেখেন সমকালীন বাংলা ভাষার অভিধান।

উপন্যাসঃ সুর্যদীঘল বাড়ী, পদ্মার পল্লী জাল।
গল্পগ্রন্থঃ হারেম, মহাপতঙ্গ।

* বাংলা একাডেমী প্রকাশিত তার সম্পাদনাকৃত অভিধান-সমকালীন বাংলা ভাষার অভিধান।

সিকান্দার আবু জাফরঃ জীবনকালঃ (১৯১৮-১৯৭৫)

জন্ম ঃ সিকান্দার আবু জাফর ১৯১৮ সালে সাতক্ষীরা জেলার তালা উপজেলার তেঁতুলিয়া গ্রামে জন্ম গ্রহন করেন।

রচনাবলী ঃ সিকান্দারের পূরবী তিমির রাত্রির প্রসন্ন প্রহরে নতুন সকালে বৈরী বৃষ্টিতে ভিজে বৃশ্চিক লগ্নে বাংলা ছাড়ল।

উপন্যাসঃ পূরবী (১৯৪১), নতুন সকাল (১৯৪৬)

কবিতা ঃ প্রসন্ন শহর (১৯৬৫) , তিমিরান্তিক (১৯৬৫), বৈরী বৃষ্টিতে (১৯৬৫), বৃশ্চিক-লগ্ন (১৯৭১) বাংলা ছাড়ো (১৯৭১)

নাটকঃ সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৬), শকুন্ত উপাখ্যান (১৯৫২), মাড়কসা (১৯৬০)

ছোট গল্পঃ মাটি আর অশ্রু (১৯৪২)

মৃত্যুঃ ১৯৭৫ সালের ৫ আগষ্ট সিকান্দার আবু জাফর মৃত্যুবরণ করেন।

সৈয়দ মুজতবা আলীঃ জীবনকালঃ (১৯০৪-১৯৭৪)

রচনাবলীঃ মুজতবা আলীর শবনম অবিশ্বাস্য ভাবে দেশে বিদেশে ঘুরে পঞ্চতন্ত্র নিয়ে চাচা কাহিনী, ময়ূরকণ্ঠী ও টুনি মেমকে নিয়ে পাদটীকা লিখেছেন।

নুরুল মোমিন ঃ জীবনকাল (১৯০৮-১৯৯০)

জন্মঃ নুরুল মোমেন নভেম্বর ২৫, ১৯০৮ সালে তৎকালীন যশোর জেলা বর্তমান ফরিদপুরের আলফাডাঙ্গায় জন্মগ্রহন করেন।

নাটকঃ নেমেসিস এর রূপান্তর নয়া খান্দান যদি এমন হত এইটুকু জীবনটাতে যেমন ইচ্ছে তেমন করে ঠিক চলার পথ বেছে নেয়া যেত। আইনের অন্তরালে অন্ধকারটাই আলো শতকরা আশিভাগ। ভাই ভাই সবাই লন্ডন প্রবাসে আদিখ্যেতা করে আলো ছায়া নিয়ে হ-য-ব-র-ল রূপকথা লিখেছে।

সাহিত্যকর্মঃ রূপান্তর নেমেসিস; যদি এমন হতো; নয়া খান্দান, আলোছায়া; শতকরা আশি; আইনের অন্তরালে; রূপকথা; ভাই ভাই সবাই; এইটুকু এই জীবনটাতে যেমন ইচ্ছা তেমন; আদিখ্যোতা; লন্ডন প্রবানে হ-য-ব-র-ল; অন্ধকারটাই আলো (১৯৬৪); ঠিক চলার পথ

*** আধুনিক বাংলা নাটকে অগ্রনী ভূমিকার জন্য তাকে "নাট্যগুরু" হিসেবে সম্বোধন করা হয়।**

মৃত্যুঃ ফেব্রুয়ারী ১৬, ১৯৯০।

সেলিম আল দীনঃ জীবনকালঃ ১৯৪৮-২০০৮

জন্ম ঃ ১৯৪৯ সালের ১৮ই আগষ্ট ফেনীর সোনাগাজী থানার সেনেরখিল গ্রামে।

নাটকঃ মনুতাসীর যৈবতী কন্যার বনপাংশুল মন নিয়া হরগজ, হতহদাই, দেয়, নিমজ্জন।

RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*RIYAD SAWKAT*

উল্লেখযোগ্য নাটকসমূহঃ "জন্ডিস ও বিবিধ বেলুন" (১৯৭৫), বাসন (১৯৮৫), মুনতাসির, শকুন্তলা; কীর্তনখোলা (১৯৮৬); কেরামত মঙ্গল (১৯৮৮); যৈবতী কন্যার মন (১৯৯৩); চাকা (১৯৯১) ধাবমান: স্বর্ণবোয়াল (২০০৭) পুত্র, বনপাংশুল।

মৃত্যুঃ তিনি ২০০৮ সালের ১৪ জানুয়ারী মৃত্যুবরণ করেন।

কায়কোবাদঃ জীবনকাল (১৮৫৭-১৯৫১)

জন্মঃ ১৮৫৭ সালে ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার আগলা গ্রামে তিনি জন্মগ্রহন করেন।

কাব্যঃ আমিয়ের সাথে কুসুমের আর দহরম মহরম নেই বিরহ চলছে। তাই সে মহাশ্মশানের শিব মন্দিরে অশ্রুমালা বিসর্জন দিল।

অথবা,

অশ্রুমালা মহরম শরীফে কুসুম কানুন গিয়ে অমিয় ধারায় বিরহ বিলাপ করিতেছে। কারণ কিছুক্ষণ পরেই তাকে শিবমন্দিরের পাশে মহাশ্মাশান নিয়ে শ্মাশান বন্ম করা হবে।

অথবা,

কুসুম কানন এর শিব মন্দিরে বসে শ্রীবন্তী মাহাশ্মশান ঘাটের শ্মশান ভন্ম এর দিকে তাকিয়ে বিরহ বিলাপ করিতেছিল এবং তার চোখ দিয়ে আমিয় ধারায় অশ্রুমালা ঝরতেছিল।

ব্যাখ্যাঃ আমিয়ধারা; কুসুমকানন; মহরম শরীফ; বিরহ বিলাপ; শিব মন্দির; অশ্রুমালা, মহাশ্মাশান, মহাকাব্য।

কাব্যগ্রন্থ হচ্ছেঃ বিরহ বিলাপ (১৮৭০) (এটি তার প্রথম কাব্যগ্রন্থ), কুসুম কানন (১৮৭৩), অশ্রুমালা (১৮৯৫), মহাশ্মাশান (১৯০৪) (এটি তার রচিত মহাকাব্য), শিব-মন্দির (১৯২২), অমিয়ধারা (১৯২৩), শ্মশান-ভন্ম (১৯২৪), ও মহরম শরীফ (১৯৩২), প্রেমের ফুল (১৯৭০), প্রেমের বাণী (১৯৭০), প্রেম পরিজাত (১৯৭০), মন্দাকিনী ধারা (১৯৭১), গুচ্ছ পাকে প্রমের কুঞ্জ (১৯৭৯) প্রকাশিত হয়।

* বাংলা সাহিত্যের মূসলমান কর্তৃক রচিত ১ম মহাকাব্য। মহাশ্মশান ১৯০৩ সালে রচিত হয়। এটি পানি পথের তৃতীয় যুদ্ধ নিয়ে রচিত।
* আধুনিক বাংলা মুসলমান মহাকাব্য ধারার শেষ কবি। আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি। তাকে মহাকবিও বলা হয়। তাঁর প্রকৃত নাম মোহাম্মদ কাজেম আল কোরেশী, কায়কোবাদ, তাঁর সাহিত্যেক ছদ্মনাম।
* তিনি বাঙালি মুসলমান কবিদের মধ্যে প্রথম সনেট রচয়িতা।
* ১৯৫১ সালের ২১ জুলাই ঢাকায় তাঁর মৃত্যু হয়।

সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•সহজে মনে রাখার ছন্দ কৌশল•

আল মাহমুদ ঃ জীবনকাল (১৯৩৬)

জন্মঃ ১১ জুলাই, ১৯৩৬ ব্রাহ্মণবাড়িয়া মোড়াইল গ্রামে।

আল মাহমুদের একটি প্রেমের কবিতা ঃ

সৌরভের কাছে পরাজিত হয়ে
দোয়েল ও দয়িতা কে সাথেনিয়ে ,
বখতিয়ারের ঘোড়ায় চড়ে,
খুঁজেছি তোকে লোক-লোকান্তরে।
কালের কলস কাধে নিয়ে
গিয়েছি আমি পাখির কাছে, ফুলের কাছে
ময়ুরী! শুধু তোকে ভালোবাসি বলে।
সোনালি কাবিন করবো বলে,
নোলক কিনেছি পানকৌড়ির রক্ত দিয়ে
কাবিলের বোন, আগুনের মেয়ে তুমি।
উপমহাদেশের থাক তাও আমি জানি।
চেহারার চতুরঙ্গ এতটা ডাহুকী মেয়ে তুমি,
তা আগে কখনো ভাবিনী আমি।

এবার মিলিয়ে নিনঃ

কাব্যগ্রন্থঃ প্রেমের কবিতা, বখতিয়ারের ঘোড়া (১৯৮৪), লোক-লোকান্তর (১৯৬৩), পাখির কাছে ফুলের কাছে ( ) সোনালি কাবিন (১৯৭৩), কালের কলস (১৯৬৬), দোয়েল ও দয়িতা (১৯৯৭)

গল্পগ্রন্থঃ পানকৌড়ির রক্ত (১৯৭৫), সৌরভের কাছে পরাজিত (১৯৮৩), ময়ুরীর মুখ (১৯৯৪)

কবিতাঃ নোলক।

উপন্যাসঃ কাবিলের বোন (২০০১), আগুনের মেয়ে (১৯৯৫), উপমহাদেশ (১৯৯৩), ডাহুকী (১৯৯২), চেহারার চতুরঙ্গ (২০০০)

অথবা,

উপন্যাসঃ আগুনের মেয়ে সুন্দর পুরুষকে দেখে তার ডাহুকী রুপ ধারণ করেছিল।
..... ডাহুকী, আগুনের মেয়ে, পুরুষ মেয়ে।

গল্পগ্রন্থঃ পানকৌড়ির রক্ত দেখে মায়াবী পর্দা দুলে উঠলো।

তাঁর প্রকৃত নাম মীর আবদুল শুকুর আল মাহমুদ।

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT

RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT • RIYAD SAWKAT

হাসান হাফিজুর রহমানঃ জীবনকাল ঃ (১৯৩২-১৯৮৩)

জন্মঃ ১৯৩২ সালের ১৪ জুন জামালপুর জেলায় তাঁর নানা বাড়িতে জন্মগ্রহন করেন। পৈত্রিক বাড়ি ছিলো জামালপুর জেলার ইসলামপুর থানার কুলকান্দি গ্রামে।

সাহিত্য কর্মঃ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র (১৯৮২-৮৩) (১৬ খন্ডে রচিত); বিমুখ প্রান্তর (১৯৬৩) আর্ত শব্দাবলী (১৯৬৮) আধুনিক কবি ও কবিতা (১৯৬৫), মূলবোধের জন্য (১৯৭০), প্রতিবিম্ব (১৯৭৬) আরো দুটি মৃত্যু (১৯৭০)।
বাংলা ভাষায় হোমারের ওসিডি অনুবাদ করেছেন তিনি।

মৃত্যুঃ হাসান হাফিজুর রহমান ১৯৮৩ সালের ১ এপ্রিল মস্কো সেন্ট্রাল ক্লিনিকাল হসপিটালে মৃত্যু বরণ করেন।

আহসান হাবীব ঃ জীবনকাল ঃ (১৯১৭-১৯৮৫)

জন্মঃ ১৯১৭ সালের ২ জানুয়ারী পিরোজপুরের শংকরপাশা গ্রামে।

কাব্যগ্রন্থঃ সারা দুপুর থেকে শুরু করে রাত্রির শেষ পর্যন্ত প্রেমের কবিতা শুনার জন্য হৃদয়ে আসার বসতি বেধেছে। কিন্তু হাবিব আসল না আসল আহসান, এসে বলল বিদীর্ণ দর্পনে মুখ দেখতে গিয়ে হঠাৎ দেখি একটি ছায়া হরিণ যে কিনা মেঘ দেখে বলে আমি এখনই চৈত্রে যাবো।

অথবা,

ছুটির দিনে দুপুরে বিদীর্ণ দর্পণে মুখ দেখে দুই হাতে দুই আদিম পাথর এবং জাফরাণী রং পায়রা নিয়ে রাণী খালের সাঁকো পেরিয়ে ছোটদের পাকিস্তান যেতে যেতেই রাত্রি শেষ হয়ে এল। ঐদিন সারা দুপুরে হৃদয়ে আশার বসতি স্থাপন করে অরণ্যে নীলিমা ও ছায়াহরিণ নামক প্রেমের কবিতা লিখতে শুরু করলাম। আষাঢ় মাসে বৃষ্টি পড়ে টাপুর টুপুর কিন্তু হঠাৎ মেঘ বলে চৈত্র যাবো এবং চৈত্র মাসে বৃষ্টি দিবো।

কাব্যগ্রন্থঃ ছায়াহরিণ (১৯৬২) সারা দুপুরে (১৯৬৪), আশার বসতি (১৯৭৪), মেঘ বলে চৈত্রে যাবো (১৯৭৬) দুহাতে দু আদিম পাথর (১৯৮০), প্রেমের কবিতা (১৯৮১), বিদীর্ণ দর্পনে মুখ (১৯৮৫) ইত্যাদি।

উপন্যাসঃ অরণ্য নীলিমা (১৯৬০) ও রাণী খালের সাঁকো (১৯৬৫)।

শিশুতোষ গ্রন্থ ঃ জোছনা রাতের গল্প; ছুটির দিন দুপুরে; বিষ্টি পড়ে টাপুর টুপুর; রেলগাড়ি ঝমাময়ে; রাণীখালের সাঁকো; জোৎসনা রাতের গল্প; ছোট মামা দি গ্রেট; পাখিরা ফিরে আসে; রত্নদ্বীপ (ট্রেজার আইল্যান্ডের সংক্ষিপ্ত অনুবাদ) হাজীবাবা; প্রবাল দ্বীপে অভিযান (কোরাল আইল্যান্ডের সংক্ষিপ্ত অনুবাদ।)

সম্পাদিত গ্রন্থ ঃ কাব্যলোক, বিদেশের সেরা গল্প।

পুরস্কারঃ ইউনেস্কো সাহিত্য পুরস্কার (১৯৬১), বাংলা একাডেমী পুরস্কার (১৯৬১), আদমজী সাহিত্য পুরস্কার (১৯৬৪), নাসিরউদ্দিন স্বর্ণপদক (১৯৭৭), একুশে পদক (১৯৭৮), আবুল

সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল • সহজে মনে রাখার ছন্দ কৌশল

মনসুর আহমদ স্মৃতি পুরস্কার (১৯৮০) এবং আবুল কালাম স্মৃতি পুরস্কার (১৯৮৪) লাভ করেন।

